

## কোটেশন বিজ্ঞপ্তি

২০১৯-২০ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি কোড, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট আওতায় চাহিত স্পেসিফিকেশন অনুযায়ী নিম্নোক্ত অফিস সরঞ্জামাদি সরবরাহের জন্য প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক কোটেশন আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	পণ্যের নাম	ফিচার	পরিমাণ	ওয়ারেন্টি
০১	অফিস সরঞ্জামাদি	মাল্টিমিডিয়া প্রজেক্টর ও মাল্টিমিডিয়া সংশ্লিষ্ট অন্যান্য সরঞ্জামাদি বিস্তারিত স্পেসিফিকেশন (সংযুক্ত)	০৬	সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী

### শর্তাবলীঃ

- ১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় গোলাপগঞ্জ, সিলেট এর দপ্তর হতে সরবরাহ করা যাবে।
- ২। কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ০২/০৬/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং একই দিন বেলা ০২.০০ ঘটিকায় টেন্ডার উন্মুক্ত ও মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন উন্মুক্ত করে মূল্যায়নের নিমিত্ত উপস্থাপন করা হবে।
- ৩। কোটেশনের সাথে হালনাগাদকৃত (২০১৯-২০) ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র এবং সম্প্রতি ইস্যুকৃত ব্যাংক সলভেন্সি সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। এছাড়াও স্পেসিফিকেশনের সহিত চাহিত অন্যান্য ডকুমেন্টস সরবরাহ করতে হবে।
- ৪। কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ০৬ (ছয়) দিনের মধ্যে বর্ণিত দ্রব্যাদি সরবরাহ করতে হবে।
- ৫। সরবরাহকৃত দ্রব্যাদি কোন প্রকার সমস্যা/ত্রুটি দেখা হলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাখিল করা যাবে না।
- ৬। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবেন।
- ৭। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তন পূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। এজন্য দ্রব্যাদি সরবরাহ সংক্রান্ত ০২ কপি চালান ও বিল (মূলকপি) দাখিল করতে হবে।
- ৮। বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে Purchase Order প্রদান এবং বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৯। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।



প্রণব সিংহ

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট

### সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
- ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিলেট।
- ৩। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট
- ৪। সরবরাহকারী প্রতিষ্ঠান.....।
- ৫। নোটিশ বোর্ড, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট
- ৬। অফিস কপি